

PRINT

# সমকাল

## বাজেটে বরাদ্দ না থাকলেও এমপিও হবে -শিক্ষামন্ত্রী

১০ ঘণ্টা আগে

### সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বাজেটে বরাদ্দ না থাকলেও বেসরকারি নতুন শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করা হবে। এমপিওভুক্তির দাবিতে রাজধানীতে আন্দোলনরত শিক্ষকদের ঘরে ফিরে যাওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, বাজেটে যে বরাদ্দ আছে, সেখান থেকেই নতুন শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করা সম্ভব।

গতকাল সোমবার সচিবালয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এ কথা বলেন শিক্ষামন্ত্রী। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে এফবিসিসিআইর পক্ষ থেকে দুটি মাইক্রোবাসের চাবি হস্তান্তর অনুষ্ঠানে তিনি বলেন, এমপিওর দাবিতে আন্দোলনরত শিক্ষকদের রোজার মধ্যে কষ্ট করে আন্দোলন করার দরকার নেই। আন্দোলন না করার অনুরোধ জানাচ্ছি।

এর আগে গত রোববার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইনও জানিয়েছিলেন, শিক্ষকদের আন্দোলন করার কোনো যুক্তি নেই। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করা হবে।

২০১৮-১৯ অর্থবছরের বাজেটে কয়েকটি শর্ত দিয়ে নতুন শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করতে আলাদা বরাদ্দ রাখার কথা আগেই জানিয়েছিলেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তবে বাজেটে বরাদ্দ থাকলেও তা সুনির্দিষ্ট করা নেই। এ কারণে বেসরকারি শিক্ষকরা রোববার থেকে রাজধানীতে আন্দোলনে নামেন।

শিক্ষকদের আন্দোলন ও বাজেটে বরাদ্দ নিয়ে শিক্ষামন্ত্রী বলেন, বাজেটে অনেক বিষয় সুনির্দিষ্ট উল্লেখ করে দেওয়া নেই, কোন টাকা কোন খাতে বরাদ্দ দেওয়া হয়েছে। এমপিওভুক্ত করার জন্য আগেই অর্থমন্ত্রীর সঙ্গে কথা হয়েছে, প্রধানমন্ত্রীও বিষয়টি জানেন। সে হিসেবে আমরা এখন থেকেই এমপিওভুক্তি করার প্রস্তুতি নিচ্ছি। বাজেটে আলাদা করে কোনো কিছু বলা না থাকলেও শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করতে কোনো সমস্যা হবে না। যে টাকা শিক্ষা মন্ত্রণালয়কে দেওয়া হয়েছে, তা থেকেও কিছুটা দেওয়া সম্ভব কিংবা থোক বরাদ্দ অর্থ মন্ত্রণালয় দিতে পারে। এটার একটা ফয়সালা করে আমরা পরবর্তী সময়ে ঠিক করে দেবো। এমপিও দেবো না, তা মোটেই ঠিক নয়।

কিন্তু কীভাবে-কবে দেওয়া হবে, সেটা সময়ের ব্যাপার বলে উল্লেখ করেন শিক্ষামন্ত্রী।

নুরুল ইসলাম নাহিদ বলেন, বাজেটের সার্বিক গাইডলাইন ধরে এমপিও দেওয়া হবে। এটা নিয়ে আন্দোলন করার কোনো প্রয়োজন নেই। মিহেমিহি রোজার মাসে কষ্ট না করার জন্য শিক্ষকদের প্রতি অনুরোধ জানাচ্ছি। আমরা যথাযথ ব্যবস্থাই নেব।

অর্থমন্ত্রী নিজেও কথা দিয়েছেন উল্লেখ করে শিক্ষামন্ত্রী বলেন, আমরা এমপিওভুক্তি করার জন্য উদ্যোগ নিয়েছি। এ ব্যাপারে আগে থেকেই কাজ শুরু করেছি। বাজেটে উল্লেখ করা জরুরি কোনো বিষয় না। অনেক বিষয়ই তো উল্লেখ নেই। এটা বাজেটে আছে কি-না, তা সম্পর্কিত না। এমপিওভুক্ত করবই। উপযুক্ত বরাদ্দ আছে, সার্বিক অর্থের মধ্যে সব টাকাই দেওয়া আছে। হয়তো বাজেটে উল্লেখ করে তিনি (অর্থমন্ত্রী) কিছু বলেননি।

---

© সমকাল 2005 - 2018

সম্পাদক : গোলাম সারওয়ার। প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,  
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০। ইমেইল: [info@samakal.com](mailto:info@samakal.com)